ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৬৯০

জম্পুইজলা, ১৪ মে, ২০২৫

# মিশন সংকল্প প্রকল্পে জম্পুইজলা মহকুমাভিত্তিক আন্তঃবিদ্যালয় গার্লস স্পোর্টস মিট অনুষ্ঠিত

জম্পুইজলা দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের খেলার মাঠে আজ জম্পুইজলা মহকুমাভিত্তিক আন্তঃবিদ্যালয় গার্লস স্পোর্টস মিট অনুষ্ঠিত হয়। মিশন সংকল্প প্রকল্পে আয়োজিত এই মিটের উদ্বোধন করেন জম্পুইজলার মহকুমা শাসক চিরঞ্জীব আনন। দুটি বিভাগে এই ক্রীড়া প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়। এরমধ্যে ক-বিভাগে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির ছাত্রীদের মধ্যে ১০০ মিটার ও ২০০ মিটার দৌড় প্রতিযোগিতা, লংজাম্প, শটপুট, ডায়মন্ড কালেকশন, ৪০০ মিটার রিলে দৌড় এবং দড়ি টানাটানি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। খ-বিভাগে নবম থেকে দ্বাদশ শ্রেণির ছাত্রীদের মধ্যে ১০০ মিটার ও ২০০ মিটার দৌড় প্রতিযোগিতা, লংজাম্প, শটপুট, ডায়মন্ড কালেকশন, ৮০০ মিটার রিলে দৌড় এবং কাবাডি খেলা অনুষ্ঠিত হয়। খেলার শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন জম্পুইজলার ডি.সি.এম. সুজিত দেববর্মা, ডি.সি.এম. অমৃত দেববর্মা, ডি.সি.এম. বিশ্বনাথ রায়, ডি.সি.এম. বেঞ্জামিন ডার্লং, ডি.সি.এম. অভিরাম দেববর্মা, জম্পুইজলা ব্লকের অতিরিক্ত বিডিও বীরবাহাদুর রিয়াং, টি.এস.আর. ৭ম ব্যাটেলিয়নের অ্যাসিটেন্ট কমাণ্ডেন্ট হেমন্ত দেববর্মা সহ জম্পুইজলা মহকুমা পর্যায়ের বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

এদিকে আজ সকালে মিশন সংকল্প প্রকল্পে বেটি বাঁচাও বেটি পড়াও, বাল্য বিবাহ, অল্প বয়সে গর্ভবতী হওয়া এবং নেশামুক্তি বিষয়ে এক সচেতনতামূলক র‍্যালি অনুষ্ঠিত হয়। র‍্যালিটি জম্পুইজলা মহকুমা শাসকের কার্যালয় প্রাঙ্গণ থেকে শুরু হয়ে জম্পুইজলা দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের খেলার মাঠে এসে শেষ হয়। র‍্যালিতে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, টি.এস.আর.-এর ৭ম ব্যাটেলিয়নের জওয়ানগণ, ফায়ার সার্ভিসের কর্মীগণ সহ স্বাস্থ্য ও বিভিন্ন দপ্তরের কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

*****